

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2019

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো উচ্চমানের স্বাস্থ্যসেবা জোরদার ও পাওয়ার অধিকার সংরক্ষণ করার জন্য 204 মিলিয়ন মার্কিন ডলারের তহবিল ঘোষণা করলেন

নিউ ইয়র্ক স্টেটে অত্যাবশ্যক স্বাস্থ্যসেবা সমর্থনকারী 95টি পুরস্কার প্রদান করা হবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজকে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্যসেবা সিস্টেমকে রক্ষা করবে ও রূপান্তর করবে এমন 95টি প্রকল্পকে 204 মিলিয়ন মার্কিন ডলার প্রদানের ঘোষণা দিলেন। স্টেটজুড়ে স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচির (Statewide Health Care Facility Transformation Program) এই তহবিল উচ্চমানের মেডিক্যাল ফ্যাসিলিটি, অভ্যন্তরীণ রোগীদের সেবাদানকারী কর্মসূচি, প্রাথমিক যত্ন, মাদক ব্যবহার ব্যাধি এবং স্টেটের সকল কমিউনিটিতে দীর্ঘমেয়াদি সেবা প্রয়োজন মেটানো বিকাশের মাধ্যমে রোগীদের যত্ন উন্নত করবে।

"যখন ফেডারেল প্রশাসন দুই বছর ব্যয় স্বাস্থ্যসেবা পাওয়ার পশ্চাদপরায়ণ করতে, আমরা নিউ ইয়র্কবাসীর প্রয়োজনীয় উচ্চমানের সেবা নিশ্চিত করার জন্য কর্মসূচি ও ফ্যাসিলিটিতে বিনিয়োগ করছি", **গভর্নর কুওমো বলেন।** "অত্যাধুনিক পরিকাঠামোতে করা এইসব বিনিয়োগ স্টেটের প্রতিটি কোণায় একবিংশ শতাব্দীর সাথে সামঞ্জস্যপূর্ণ স্বাস্থ্যসেবার ব্যবস্থা করবে এবং আসন্ন দশকগুলিতে পরিবারগুলির স্বাস্থ্য ও ভালো থাকার অবস্থা উন্নত করবে।"

"সাশ্রয়ী, উচ্চমানের স্বাস্থ্যসেবা পাওয়া মানুষের মৌলিক অধিকার", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "এই অতি গুরুত্বপূর্ণ বিনিয়োগ সেবা পাওয়ার অধিকার উন্নত করবে এবং যত্ন-সেবার প্রতিটি পর্যায়ে মেডিক্যাল সেবা সম্প্রসারিত করবে। এই উল্লেখযোগ্য তহবিল দ্বারা সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যসেবা সংক্রান্ত প্রয়োজন মেটাতে আমাদের অঙ্গীকার আরো শক্তিশালী করবে।"

পুরস্কারপ্রাপ্ত 95টি সেবাদানকারী, প্রদত্ত বিশেষ তহবিল, এবং পুরস্কারপ্রাপ্ত প্রকল্পের বিস্তারিতের ব্যাপারে আরো তথ্য জানতে, নিচের অঞ্চলে ক্লিক করুন:

অঞ্চল	প্রদত্ত পরিমাণ
ক্যাপিটাল রিজিয়ন	6.2 মিলিয়ন মার্কিন ডলার
সেন্ট্রাল নিউ ইয়র্ক	21.1 মিলিয়ন মার্কিন ডলার
ফিঙ্গার লেকস	13.9 মিলিয়ন মার্কিন ডলার
লং আইল্যান্ড	15.7 মিলিয়ন মার্কিন ডলার
মধ্য-হাডসন	24.4 মিলিয়ন মার্কিন ডলার
মোহক ভ্যালি	7.9 মিলিয়ন মার্কিন ডলার
নর্থ কান্ট্রি	12.2 মিলিয়ন মার্কিন ডলার

নিউ ইয়র্ক শহর	77.7 মিলিয়ন মার্কিন ডলার
সাউদার্ন টিয়ার	11.3 মিলিয়ন মার্কিন ডলার
পশ্চিম নিউ ইয়র্ক	12.9 মিলিয়ন মার্কিন ডলার

এই তহবিলটি প্রদান করা হয়েছে স্টেটজুড়ে স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচির অধীনে, যা অর্থ বছর 2018 বাজেটের (FY 2018 Budget) একটি অংশ হিসেবে প্রণয়ন করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের কমিউনিটিগুলোর মধ্যে অত্যাবশ্যিক স্বাস্থ্যসেবা রক্ষা ও সম্প্রসারণ করতে স্টেটের অঙ্গীকার এই পুরস্কার অব্যাহত রাখলো। পাশাপাশি, গভর্নরের 2019-20 নির্বাহী বাজেট স্বাস্থ্য অধিদপ্তরকে (Department of Health) অনুমোদন দিবে যে 2018-19 প্রণীত বাজেটে স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি রূপান্তর তহবিলের (Health Care Facility Transformation Funds) জন্য অনুমোদিত 525 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে 300 মিলিয়ন মার্কিন ডলার সেইসব স্বাস্থ্যসেবা প্রদানকারীর প্রকল্প আবেদনকে সমর্থন করতে ব্যবহার করা যাবে যারা তহবিল প্রদানের এই পর্যায়ে অনুদান পায় নি।

স্বাস্থ্য অধিদপ্তর এই কর্মসূচি পরিচালনা করে এবং নিউ ইয়র্ক স্টেটের ডর্মিটরি কর্তৃপক্ষকে (Dormitory Authority of the State of New York) ডেলিভারি সিস্টেম রিফর্ম ইনসেন্টিভ প্রোগ্রামের (Delivery System Reform Incentive Program) উদ্দেশ্যে সমর্থন করতে সাহায্য করবে। ডেলিভারি সিস্টেম রিফর্ম ইনসেন্টিভ প্রোগ্রামের উদ্দেশ্য হল নিউ ইয়র্কবাসীর জন্য স্বাস্থ্যসেবার ব্যয় কমানো এবং স্বাস্থ্য ফলাফল উন্নত করা, রিজিওনালি সম্পূর্ণ স্বাস্থ্যসেবা প্রদান সিস্টেমের অংশ হিসেবে অভ্যন্তরীণ রোগী, প্রাথমিক, প্রতিরোধক এবং অন্যান্য অ্যাম্বুলেটরি সেবা পাওয়ার অধিকার সম্প্রসারিত করার মাধ্যমে। ডেলিভারি সিস্টেম রিফর্ম ইনসেন্টিভ প্রোগ্রামের মূল লক্ষ্য হল 2020 সালের মধ্যে এড়ানো সম্ভব এমন হাসপাতালে গমন 25 শতাংশ কমিয়ে আনা। স্টেটজুড়ে স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি রূপান্তর কর্মসূচির পুরস্কারসমূহ এমন প্রকল্পে মনোযোগী যা সেফটিনেট স্বাস্থ্যসেবা প্রদানকারীদের আর্থিক টেকসইতা নিশ্চিত করবে এবং অত্যাবশ্যিকীয় স্বাস্থ্যসেবার সংরক্ষণ বা সম্প্রসারণ করবে।

স্টেটের স্বাস্থ্য বিষয়ক কমিশনার ডা. হাওয়ার্ড জুকার বলেন, "এই তহবিলের ফলে আমাদের স্বাস্থ্যসেবা অংশীদার ও ফ্যাসিলিটিগুলি স্বাস্থ্যসেবা আরো আধুনিক ও সম্পূর্ণ করতে পারবে যা কিনা রোগীদের যত্ন ও সেবা পাওয়ার অধিকার উন্নত করতে আমাদের সাধারণ লক্ষ্য। সর্বোচ্চ সম্ভব স্বাস্থ্যসেবা প্রদানে প্রয়োজনীয় সকল সংস্থান আমাদের স্বাস্থ্যসেবা সিস্টেমের রয়েছে তা নিশ্চিত করতে গভর্নর কুওমোর অবিচল অঙ্গীকারের কল্যাণে, প্রথম শ্রেণীর স্বাস্থ্যসেবা প্রদানে নিউ ইয়র্কের অবস্থান দেশের মধ্যে শীর্ষে।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)